

ভাতা সংক্রান্ত তথ্য

ভাতা সংক্রান্ত তথ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাজেট অনুবিভাগ-১, শাখা-৮
www.w.mof.gov.bd

নং- ০৭.১০৮.০২০.৬৩.০৫.০০৯.২০০৮-৮৭০

তারিখ : ২৬ পৌষ ১৪২০ ব.
০৯ জানুয়ারি ২০১৪ খ্রি.

বিষয় : যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত ও শহীদ পরিবারবর্গের রাষ্ট্রীয় সম্মানী ভাতা ও সুযোগ-সুবিধা পুনঃনির্ধারণ সংক্রান্ত।

সূত্র : (১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পত্র নং-মুবিম/প্রশা-২/বাজেট-৩/২০০২/২০৮ তারিখ : ০৮ ডিসেম্বর ২০১৩ খ্রি.
(২) অর্থ বিভাগের পত্র নং-০৭.১০৮.০২০.৬৩.০৫.০০৯.২০০৮-৮১৮ তারিখ : ০৩ নভেম্বর ২০১৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে বিভিন্ন শ্রেণীর ৭৮৩৮ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের বিদ্যমান ৬ (ছয়) টি শ্রেণীর মধ্যে 'এ' শ্রেণী অপরিবর্তিত রেখে 'বি' ও 'সি'-কে 'বি' এবং 'ডি', ও 'ই'-কে 'সি' এবং 'এফ'-কে 'ডি' শ্রেণী হিসেবে নতুন আন্ডার ৪ (চার) টি অর্থাৎ 'এ', 'বি', 'সি' ও 'ডি' শ্রেণীতে ন্যূনতর করাসহ যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত ও শহীদ পরিবারবর্গের রাষ্ট্রীয় সম্মানী ভাতা ও সুযোগ-সুবিধা নিয়ে উল্লিখিত শর্তে নিম্ন বর্ণিত ছক মোতাবেক পুনঃনির্ধারণে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হল :

ক্র. নং	শ্রেণীর বিবরণ	ভাতাভোগীর সংখ্যা	মাসিক মূল ভাতা	চিকিৎসা ভাতা	সাহায্যকারী ভাতা	খাদ্য ভাতা	বিবিধ	মোট মাসিক ভাতা
১.	'এ' শ্রেণী (পেংগু ৯৬%-১০০%)	২০	১৫,১০০/-	১,৭০০/-	৭,০০০/-	৪,০০০/-	২,২০০/-	৩০,০০০/-
২.	'বি' শ্রেণী (পেংগু ৬১%-৯৫%, পূর্বের 'বি' ও 'সি' শ্রেণীকে একীভূত করে)	১৪৬	১৪,৩০০/-	১,৭০০/-	-	৪,০০০/-	-	২০,০০০/-
৩.	'সি' শ্রেণী (পেংগু ২০%-৬০%, পূর্বের 'ডি' ও 'ই' শ্রেণীকে একীভূত করে)	২৩২৯	১০,৩০০/-	১,৭০০/-	-	৪,০০০/-	-	১৬,০০০/-
৪.	'ডি' শ্রেণী (পেংগু ১%-১৯%, পূর্বের 'এফ' শ্রেণীকে 'ডি' শ্রেণীতে ন্যূনতর করে)	২৫৩২	৪,০০০/-	১,৭০০/-	-	৪,০০০/-	-	৯,৭০০/-
৫.	শহীদ মুক্তিযোদ্ধা পরিবার	২৫০০	৯,৩০০/-	১,৭০০/-	-	৪,০০০/-	-	১৫,০০০/-
৬.	মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবার	৩০৩	৯,৩০০/-	১,৭০০/-	-	৪,০০০/-	-	১৫,০০০/-
৭.	বীরশ্রেষ্ঠ শহীদ পরিবার	৭	২২,৩০০/-	১,৭০০/-	-	৪,০০০/-	-	২৮,০০০/-
৮.	জনাবা আরামন বিবি, বীরপ্রতীক	১	৯,৩০০/-	১,৭০০/-	-	৪,০০০/-	-	১৫,০০০/-
	মোট =	৭৮৩৮						

শর্তাবলী :

- অর্থ বিভাগের ০৩ নভেম্বর ২০১৩ তারিখের নং-০৭.১০৮.০২০.৬৩.০৫.০০৯.২০০৮-৮১৮ স্মারক সংশোধনক্রমে এ আদেশ জারি করা হলো;
- খাদ্য ভাতা বৃদ্ধির ফলে ভাতা বাবদ ২০১৩-১৪ অর্থবছরের অতিরিক্ত প্রয়োজনীয় ৮,৯৯,৫২,০০০/- টাকা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সার্বিক বাজেট বরাদ্দ হতে সমন্বয় করে বাড়তি অর্থের সংস্থান এবং পরবর্তী ২০১৪-১৫ অর্থবছর হতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত সিলিং এর মধ্যে সংশ্লিষ্ট খাতে প্রয়োজনীয় অর্থের সংস্থান করতে হবে;
- ০১ নভেম্বর ২০১৩ খ্রি. তারিখ হতে সুপারিশকৃত খাদ্য ভাতা ও পরিবর্তিত মাসিক সম্মানী ভাতা কার্যকর হবে।

২। উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২৭ নভেম্বর ২০১৩ খ্রি. তারিখের ভাতা বৃদ্ধির আদেশটি সংশোধনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সচিব

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

০৩/১০/১৪
(এস. এম. সাহাবুল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬০৩০